

## যৌনকর্মীদের সন্তানদের মূলধারার শিক্ষায় অন্তর্ভুক্তির দাবি

যায়দি রিপোর্ট

যৌনকর্মীদের সন্তানদের মূলধারার শিক্ষা কার্যক্রমে অন্তর্ভুক্ত ও তাদের সুরক্ষার দাবি জানিয়েছে অ্যাকশন এইড বাংলাদেশ।

সোমবার দুপুরে জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে

যৌনকর্মীদের সন্তানদের শিক্ষা

অধিকার নিয়ে আয়োজিত এক

অভিযুক্তা বিনিময় অনুষ্ঠানে

সংস্থাটি এ দাবি জানায়।

অনুষ্ঠানে অ্যাকশন এইড

বাংলাদেশের কাট্রি ডিরেক্টর

ফারাহ কবির বলেন, সর্বিধানে সব শিশুর শিক্ষা পাওয়ার

অধিকারের কথা রয়েছে। সর্বিধানে এটি প্রিন্সিপাল

হিসেবে অন্তর্ভুক্ত, কিন্তু একে মৌলিক অধিকার হিসেবে

স্বীকৃতি দেয়া হয়নি। রাজনৈতিক সদিচ্ছ থাকলে এটি

কোনো বিষয় নয়।

তিনি বলেন, একটি দেশের সবচেয়ে বড় পরিচয় দেশটি

সভ্য কিনা। সে দেশের শিশুদের শিক্ষা পাওয়ার অধিকার

আছে কিনা। তারা মধ্যম আয়ের দেশ হওয়ার প্রত্যাশা

যেমন করেন, ঠিক তেমনি সবস্তরের শিশুর শিক্ষা ও

অন্যান্য সামাজিক সুবিধা নিশ্চিত হওয়ার প্রত্যাশা করেন।

যৌনকর্মীদের সন্তানদের প্রসঙ্গে তিনি বলেন,

যৌনকর্মীদের সন্তানদের সবচেয়ে বড় যে সমস্যা পড়তে

হয়, তা হচ্ছে তাদের পরিচয়।

শিক্ষাসহ অন্যান্য সামাজিক

সুবিধা পাওয়ার ক্ষেত্রে অধি

মানে করি একটি শিশুর মায়ে

পরিচয়কেই প্রাধান্য দেয়া

উচিত।

### সর্বিধানে সব শিশুর শিক্ষা পাওয়ার অধিকারের কথা রয়েছে

এতে 'যৌনকর্মীদের সন্তানদের মূলধারার শিক্ষাব্যবস্থায়

অন্তর্ভুক্তি ও সুরক্ষা' শিরোনামে একটি বসড নীতিপত্র

উপস্থাপন করেন অ্যাকশন এইড বাংলাদেশ কর্তৃক

বাস্তবায়িত লিবারেশন এমপাওয়ারমেন্ট, অ্যাটেইনিং

ডিগনিটি অ্যান্ড রাইট ফর সেল ওয়ার্কার্স অ্যান্ড দেয়ার

চাইল্ড ইন বাংলাদেশ প্রকল্পের ব্যবস্থাপক হেড

ব্যালেন্টার বন।